

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮.২৭৪

তারিখ: ১৩ চৈত্র, ১৪২৫
২৭ মার্চ, ২০১৯

বিষয়ঃ ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.), ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, আলিম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা, এইচ.এস.সি. (ভোকেশনাল) এবং এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা প্রদান।

আগামী ০১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ সোমবার হতে দেশব্যাপী উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.), ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, আলিম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা, এইচ.এস.সি. (ভোকেশনাল) এবং এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা ২০১৯ অনুষ্ঠিত হতে যাচ্ছে (পরীক্ষার সময়সূচি সংযুক্ত)। গুরুত্বপূর্ণ পাবলিক পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ সম্ভব হয় সে জন্য পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা একান্ত প্রয়োজন। উল্লেখ্য, ইতিপূর্বে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষাসমূহ পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর আন্তরিক প্রচেষ্টা, দায়িত্বশীল ভূমিকা এবং জেলা ম্যাজিস্ট্রেটসির সাথে কার্যকর সমন্বয়ের কারণে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে।


২। এইচ.এস.সি. ও সমমান পরীক্ষা-২০১৯ সুষ্ঠুভাবে সম্পন্ন লক্ষ্যে ২৫ মার্চ, ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) আগামী ০১ এপ্রিল, ২০১৯ তারিখ হতে ০৬ মে, ২০১৯ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে;

খ) মোবাইলসহ অন্য যে কোন ইলেকট্রনিক ডিভাইস নিয়ে যাতে কেউ কেন্দ্রে প্রবেশ করতে না পারে তা নিশ্চিত করতে হবে;

২। এমতাবস্থায়, আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.), ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, আলিম, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা, এইচ.এস.সি. (ভোকেশনাল) এবং এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষার দিনসমূহে শিক্ষার্থীদের বিশেষ করে ছাত্রীদের যাতায়াতের ক্ষেত্রে যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন হতে না হয় তাসহ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পরীক্ষার রুটিন পৃষ্ঠা।


২৭.০৬.২০১৯
(ড.মো: মোকহেদ আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৫৯৭৪

সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮.২৭৪

তারিখ: ১৩ চৈত্র, ১৪২৫
২৭ মার্চ, ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/ সিলেট/ বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৩. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল).....
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ সচিব মহোদয়ের একান্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।